"ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
দুমকী, পটুয়াখালী।
www.fpo.dumki.patuakhali.gov.bd

স্মারক নং-উপপ/পটুয়া/দুম/২০২২- ২২৯

তারিখ ঃ ০৮/১১/২০২২খ্রিঃ

## ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ

পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬, কাওরান বাজার, ঢাকা এর ক্লিনিক্যাল কন্ট্রাসেপসন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম এর স্মারক নং পপঅ/সিসিএসডিপি/PPV-নিয়োগ-৪৮২/২০২১-২২/২৫৪০, তারিখ ঃ ১৬/১০/২০২২খ্রিঃ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর পরিকল্পনা-১ শাখার স্মারক নং-৫৯.০০.০০০০.১৫২.১৪.০৪৩.২০১৭-১১৮, তারিখ ঃ ০৮/০৫/২০২২খ্রিঃ মোতাবেক পটুয়াখালী জেলার দুমকী উপজেলার বিভিন্ন ইউনিয়নে নিম্নবর্ণিত শূণ্য পদে সম্পূর্ণ অস্থায়ী **"কাজ নাই, মজুরী নাই"** ভিত্তিতে **"Paid Peer Volunteer"** নিয়োগের জন্য পটুয়াখালী জেলার দুমকী উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়নের ইউনিটের আওতাভুক্ত গ্রাম / গ্রামসমূহের স্থায়ী বাসিন্দাদের (**শুধুমাত্র বিবাহিতা মহিলা প্রার্থীদের**) নিকট হতে শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | ইউনিট নং | ইউনিয়ন | ইউনিটের অন্তর্ভুক্ত গ্রাম / গ্রাম সমূহ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | ৩/খ ইউনিট | পাংগাশিয়া | দক্ষিণ পাংগাশিয়া(ইউনিয়ন পরিষদের নতুন ০৫,০৬,০৭ নং ওয়ার্ড) | |
| ০২ | ১/ক ইউনিট | লেবুখালী | লেবুখালী (ইউনিয়ন পরিষদের নতুন ০১,০২,০৩,০৪ নং ওয়ার্ড) | |
| ০৩ | ২/ক ইউনিট | লেবুখালী | আঠারোগাছিয়া, পূর্ব কার্তিকপাশা(ইউনিয়ন পরিষদের নতুন ০৭,০৮,০৯ নং ওয়ার্ড) | |
| ০৪ | ৩/ক ইউনিট | মুরাদিয়া | চরগরবদি( ০৭ ও০৮ নং ওয়ার্ড) | |
| ০৫ | ১নং ওয়ার্ড(সাবেক) | আংগারিয়া | আংগারিয়া, বাহেরচর( ইউনিয়ন পরিষদের নতুন ০১,০২,০৩ নং ওয়ার্ড) | |
| ০৬ | ২/খ ইউনিট | শ্রীরামপুর | দুমকী( ইউনিয়ন পরিষদের নতুন ০১ ও ০২ নং ওয়ার্ড) | |

***শর্তাবলী অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য**

চলমান পাতা-০২

C:\Users\FZ\Downloads\PPV Recruit (Circuller) Mirza.doc1

**শর্তাবলী ঃ**

(১) নিয়োগপ্রাপ্ত **"Paid Peer Volunteer"** দের কর্মদিবস সপ্তাহে **০৬(ছয়)** দিন (শুক্রবার এবং সরকারী ছুটির দিন কর্মদিবস হিসেবে গন্য হবে না)। শুধুমাত্র খোলা কর্মদিবসের জন্য দৈনিক যাতায়াত ভাতা **৩০০/-(তিনশত)** টাকা এবং নাস্তা ভাতা **১০০/-(একশত)** টাকা প্রাপ্য হবেন **(বিধি মোতাবেক সরকারী ভ্যাট এবং ট্যাক্স কর্তন করে অবশিষ্ট ভাতা প্রাপ্য হবেন)**। নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ভাতাদি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নির্ধারিত ইউনিট থেকে অর্থ বরাদ্দ সাপেক্ষে সরকারী বিধি মোতাবেক অত্র উপজেলা হতে প্রদেয় হবে। লাইন ডাইরেক্টর, ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬, কাওরান বাজার, ঢাকা মহোদয়ের অনুমতিক্রমে মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), দুমকী, পটুয়াখালী **"Paid Peer Volunteer"** দের আগামী **৩০ জুন/২০২৩খ্রিঃ** সাল পর্যন্ত নিয়োগ প্রদান করবেন।

(২) আগামী ২৩/১১/২০২২খ্রিঃ তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), দুমকী, পটুয়াখালী বরাবরে স্বহস্তে অথবা কম্পিউটার এ টাইপ করে ০১(কপি) আবেদন দাখিল করতে হবে। আবেদন উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, দুমকী, পটুয়াখালী এ সরাসরি দাখিল করতে হবে। ডাকযোগে বা কুরিয়ারে বা অন্য কোন উপায়ে প্রেরিত আবেদন গ্রহনযোগ্য হবে না। আবেদনে খামের উপরে পদের নামের সাথে ইউনিট নং এবং ইউনিয়নের নাম উল্লেখ করতে হবে। বর্ণিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহন করা হবে না।

**(৩) প্রার্থীর / আবেদনকারীর যোগ্যতা ঃ**

(ক) কর্মএলাকার স্থায়ী বাসিন্দা (উপরের বর্ণিত ছকের ০৩ এবং ০৪নং কলাম দ্রষ্টব্য) এবং বিবাহিতা হতে হবে।
(খ) ন্যূনতম এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
(গ) দুই সন্তানের অধিক সন্তান বিশিষ্ট দম্পতি অযোগ্য হিসেবে বিবেচিত হবে।
(ঘ) শারীরিক ও মানসিক ভাবে সু-স্বাস্থ্যের অধিকারিনী হতে হবে (যোগদানের সময় নিজস্ব ব্যবস্থাপনায় সরকারী মেডিকেল সার্টিফিকেট জমা দিতে হবে)।
(ঙ) সমাজকল্যাণ মূলক কাজে আগ্রহী হতে হবে। পরিবার পরিকল্পনা অধিদপ্তর থেকে সরবরাহকৃত নির্ধারিত পোষাক পরিধান করে কর্ম এলাকায় দায়িত্ব পালন করতে হবে।
(চ) সন্তুষ্ট LARC & PM (স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি) গ্রহীতাদের অগ্রাধিকার দেয়া হবে।
(ছ) ২৩/১১/২০২২খ্রিঃ তারিখে বয়স (১৮-৩০) এর মধ্যে হতে হবে। (মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর)
(জ) স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সংক্রান্ত কাজে পূর্ব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার প্রদান করা হবে।

(৪) নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা / মুক্তিযোদ্ধা পোষ্যগণকে (মুক্তিযোদ্ধাদের সন্তান / নাতনী) সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হবে। মুক্তিযোদ্ধা পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা হিসাবে প্রকাশিত লাল মুক্তি বার্তা পত্রিকার সত্যায়িত ছায়ালিপি, মুক্তিযোদ্ধা হিসাবে সরকারী গেজেটের সত্যায়িত ছায়ালিপি, মুক্তিযোদ্ধা হিসাবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক স্বাক্ষরযুক্ত সনদপত্রের সত্যায়িত কপি / মুক্তিযোদ্ধা মন্ত্রনালয় কর্তৃক সাময়িক সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

(৫) মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার কণ্যা / নাতনী প্রার্থীদের ক্ষেত্রে প্রার্থী যে মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার কণ্যা / নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

(৬) মুক্তিযোদ্ধা পোষ্যদের সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে। মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ প্রনীত নীতিমালা অনুসরন করা হবে।

(৭) **আবেদনপত্রের সাথে নিম্ন বর্ণিত কাগজপত্র দাখিল করতে হবেঃ**

(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি (ছবির পিছনে প্রার্থীর / আবেদনকারীর নাম লিখতে হবে)।
(খ) সকল শিক্ষাগত যোগ্যতার (এস.এস.সি / সমমান পরীক্ষার সনদ বাধ্যতামূলক) সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি, ০১(এক) কপি। (শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে মার্কসীট, টেবুলেশন সীট, প্রশংসা পত্র গ্রহনযোগ্য নয়)।
(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক গ্রামের নাম উল্লেখ পূর্বক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ছায়ালিপি, ০১(এক) কপি।
(ঘ) বৈবাহিক অবস্থা এবং সন্তান সংখ্যা উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সনদপত্র (মূল), ০১(এক) কপি।
(ঙ) ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ০১(এক) কপি।
(চ) জাতীয় পরিচয় পত্র / ডিজিটাল জন্ম নিবন্ধনের সত্যায়িত ছায়ালিপি, ০১(এক) কপি।
(ছ) পূর্ববর্তী কাজের অভিজ্ঞতা (সমাজকল্যাণ মূলক / চাকুরী) (যদি থাকে), সত্যায়িত ছায়ালিপি, ০১(এক) কপি।
(জ) আবেদনপত্রে প্রার্থীর **মোবাইল নম্বর / যোগাযোগের নম্বর** অবশ্যই উল্লেখ করতে হবে।

(৮) প্রার্থীকে / আবেদনকারীকে ১০০নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা এবং সময়সূচী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয় এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দুমকী, পটুয়াখালী এর কার্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইট (www.fpo.dumki.patuakhali.gov.bd) এ যথাসময়ে প্রকাশ করা হবে। প্রার্থীকে / আবেদনকারীকে স্ব-উদ্যোগে মৌখিক পরীক্ষার সময়সূচী জেনে পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। এজন্য প্রার্থীদের কোন প্রকার আলাদা নোটিশ প্রদান করা হবে না। নির্ধারিত সময়ে প্রার্থী / আবেদনকারী মৌখিক পরীক্ষায় অংশগ্রহন করতে ব্যর্থ হলে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহনযোগ্য হবে না। প্রার্থী / আবেদনকারীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন ধরনের ভাতা (টিএ / ডিএ) প্রদান করা হবে না।

চলমান পাতা-০৩

(৯) প্রার্থীকে / আবেদনকারীকে আবেদনপত্রে (ক) পূর্ণ নাম (বাংলা ও ইংরেজী), (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), (ঙ) প্রার্থী / আবেদনকারীর **মোবাইল নম্বর (আবশ্যিক)**, (চ) মুক্তিযোদ্ধার পোষ্য কিনা (হ্যাঁ / না)? হ্যাঁ হলে মুক্তিযোদ্ধার নাম ও তার সাথে সম্পর্ক, (ছ) স্থায়ী ঠিকানাঃ (গ্রাম / মহল্লা / বাড়ীর নাম / সড়ক / পোস্ট কোড, ইউনিয়ন, ওয়ার্ড, উপজেলা, জেলা, (জ) বর্তমান ঠিকানা, (ঝ) জন্ম তারিখ ও ২২/১১/২০২২খ্রিঃ তারিখে বয়স, (ঞ) জাতীয়তা, (ট) ধর্ম, (ঠ) বৈবাহিক অবস্থা, (ড) সন্তান সংখ্যা, (ঢ) অভিজ্ঞতা (যদি থাকে) স্পষ্ট অক্ষরে লিপিবদ্ধ করতে হবে। আবেদপত্রে অবশ্যই **প্রার্থী / আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ** থাকতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল দফা উল্লেখ পূর্বক এবং সংশ্লিষ্ট কাগজপত্র প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তার (**সত্যায়ন কারীর নামের সীল সহ**) সত্যায়ন পূর্বক দাখিল করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল কাগজপত্রের মূল কপি প্রদর্শনের জন্য অবশ্যই সাথে আনতে হবে।

(১০) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(১১) কেবলমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থী / আবেদনকারীদের সাক্ষাৎকার গ্রহন করা হবে।

(১২) প্রার্থী / আবেদনকারীর স্থায়ী বাসিন্দার ক্ষেত্রে কোন প্রকার ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হলে এবং কোন তথ্য গোপন করলে বা ভুল তথ্য প্রদান করলে আবেদন পত্র বাতিল সহ বিধি মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

**(১৩) কোনরূপ তদবির বা অসদূপায় প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে এবং এ ধরনের কার্যক্রম দৃষ্টিগোচর / পরিলক্ষিত হলে প্রচলিত বিধি মোতাবেক কাঠোর আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।**

(১৪) চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত **"Paid Peer Volunteer"** দের যোগদানের সময় **=৩০০/-(তিন শত)** টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে নিম্নলিখিত বিষয়সমূহ উল্লেখ পূর্বক অঙ্গীকার নামা গ্রহন করা হবে।

(ক) সংশ্লিষ্ট কর্মএলাকায় রাজস্বখাতে পরিবার কল্যাণ সহকারী নিয়োগের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না।

(খ) **"Paid Peer Volunteer"** পদের দায়িত্ব পালনকালে স্থায়ীকরণ এবং জাতীয় বেতন স্কেলে অর্ন্তভুক্তকরণ সংক্রান্ত বিষয়ে কোন দাবী উত্থাপন করবে না।

(গ) **"Paid Peer Volunteer"** পদে দায়িত্ব পালনকালে স্থায়ীকরণ এবং জাতীয় বেতন স্কেলে অর্ন্তভুক্তকরণ সংক্রান্ত বিষয়ে কোনরূপ আইনগত ব্যবস্থা গ্রহনের জন্য আদালতের দ্বারস্থ হবে না।

(ঘ) **এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী (কাজ নাই, ভাতা নাই) ভিত্তিতে অপারেশনাল প্লানের মেয়াদকাল (জুন/২০২৩খ্রিঃ) পর্যন্ত বলবৎ থাকবে। মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে উল্লেখিত নিয়োগ বাতিল বলে গণ্য হবে।**

(১৫) চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত **"Paid Peer Volunteer"** দের ০৬(ছয়) দিনের মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণের দিন হতে কর্মদিবস গণনা শুরু হবে।

(১৬) কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন / বাতিল / পরিবর্তন / পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষন করেন।

(১৭) বর্ণিত শর্তসমূহ অত্র নিয়োগ বিজ্ঞপ্তির জন্য প্রযোজ্য হবে। সরকারী এমন কোন বিধানাবলী বা শর্ত যা অত্র নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন বিষয় পরিলক্ষিত / গোচরীভূত হলে সরকারের সর্বশেষ জারীকৃত নীতিমালা / নির্দেশাবলী অনুযায়ী বিধানাবলী বা শর্ত প্রযোজ্য হবে।

08/12/22

(মোঃ শফিকুল ইসলাম)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অঃ দাঃ)
ও
সদস্য সচিব **"Paid Peer Volunteer"** নিয়োগ কমিটি
দুমকী, পটুয়াখালী।
E-mail : ufpo.dumki@gmail.com